

ক্রমিক
 পৃষ্ঠা ... কলাম ...

মাতৃভাষা ইনস্টিটিউটের পদক পেলেন ডঃ মুহম্মদ শহীদুল্লাহ ও সৈয়দ আলী আহসান

স্টাফ রিপোর্টার : বাংলা ভাষা ও সাহিত্যে
 জননা অবদানের স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক
 মাতৃভাষা ইনস্টিটিউট বিশ্বখ্যাত
 ভাষাবিজ্ঞানী ডঃ মুহম্মদ শহীদুল্লাহ
 (মরণোত্তর) এবং জাতীয় অধ্যাপক সৈয়দ
 আলী আহসানকে স্বর্ণপদক প্রদানের
 মাধ্যমে সম্মাননা জানিয়েছে। গতকাল
 (সোমবার) বাংলা একাডেমীতে এই পদক
 প্রদান করেন শিক্ষায়ন্ত্রী ডঃ মুহম্মদ ওসমান
 কাকক।

৭-এন পৃঃ ৫-৫৪ কঃ দেবুন

মাতৃভাষা ইনস্টিটিউট

প্রথম পৃষ্ঠার পর
 শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমের
 সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ
 অতিথি ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম
 সেলিমা রহমান। অনুষ্ঠানে মরহুম ডঃ
 মুহম্মদ শহীদুল্লাহর পক্ষে পদক গ্রহণ করেন
 তার ছেলে মোহাম্মদ তাকিউল্লাহ। পরে
 শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর
 আবদুর রশীদের সভাপতিত্বে আন্তর্জাতিক
 মাতৃভাষা দিবসের ওপর একটি সেমিনারও
 অনুষ্ঠিত হয়। সেমিনারে সাতার
 গণবিদ্যালয়ের প্রফেসর ডঃ মাহমুদ শাহ
 কোরেশী, শিব একাডেমীর পরিচালক ডঃ
 বেগম জাহান-আরা ও বাংলা একাডেমীর
 মহাপরিচালক প্রফেসর মনসুর মুসা পৃথক
 পৃথক ১০টি প্রবন্ধ উপস্থাপন করেন।
 আলোচনায় প্রধানতম টীকা বিদ্যালয়ের
 প্রফেসর ডঃ সাদিক উর রহমান, বিটিভির
 সাবেক পরিচালক ফরুকজামান চৌধুরী ও
 সাংবাদিক মাহবুব হাসান। প্রবন্ধকাল ও
 আলোচকরা বর্তমানে বিশেষ প্রায় ২০ হাজার
 মাতৃভাষা রয়েছে উল্লেখ করে বলেন,
 বিশ্বায়নের ফলে আগামী ২০ বছরে কয়েক
 হাজার ভাষা হিলুগ হয়ে যাবে। বিশ্বায়নে
 শুধু অর্থনীতি বা রাজনীতিকেই নয়,
 সংস্কৃতিকেও প্রচণ্ডভাবে প্রভাবিত করছে
 মন্তব্য করে তারা আরো বলেন, সার্বভূমিক
 দেশসমূহেই প্রায় ৫শ' ভাষা রয়েছে যার
 অধিকাংশেরই কোন লিপি নেই। এসব
 ভাষা সংরক্ষণে আন্তর্জাতিক মাতৃভাষা
 ইনস্টিটিউটকে সর্ব প্রথম পদক্ষেপ নিতে
 হবে। বাংলাদেশে ৪০টির মতো মাতৃভাষা
 রয়েছে। বক্তারা বলেন, বাংলাদেশের মানব
 সম্পদ রক্ষণায় কেবল বিদেশী ভাষা শিক্ষা
 অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ব্যাপারে মাতৃভাষা
 ইনস্টিটিউটকে অগ্রণী ভূমিকা পালন করতে
 হবে।